বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন
**BANGLADESH TEXTILE MILLS CORPORATION**
BTMC Bhaban, 7-9, Kawran Bazar C.A., Dhaka-1215, P.O. Box No.-462, Fax: 88-02-58152680
E-mail: btmcho@yahoo.com, btmcho@gmail.com, Website: btmc.gov.bd.

সূত্র নং-২৪.০৩.০০০০.১০৫.০২.১১৪.২৩- ২১৫ তারিখ: ২৯/০৫/২০২৪ খ্রিঃ

## সভার নোটিশ

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সংক্রান্ত সভা কমিটির আহ্বায়ক, পরিচালক (বাণিজ্য) মহোদয়ের সভাপতিত্বে আগামী ৩০/০৫/২০২৪ খ্রিঃ বেলা ১১:০০ ঘটিকায় পরিচালক (বাণিজ্য) মহোদয়ের কক্ষে এক সভা অনুষ্ঠিত হবে।

০২. উক্ত সভায় সংশ্লিষ্ট সকল ও অংশীজনের (Stakeholders) যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

২৯.৫.২৪
(মোঃ কামরুল হাসান)
উপ-মহাব্যবস্থাপক (কারিঃ)
বিটিএমসি, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। প্রধান জনসংযোগ কর্মকর্তা, বোর্ড শাখা, বিটিএমসি।
০২। উপ-প্রধান হিসাব রক্ষক ও মিল ইনচার্জ, নিউ মন্নু ও ফাইন কটন মিল, টংগী, গাজীপুর।
০৩। জ্যেষ্ঠ ক্রয় কর্মকর্তা ও মিল ইনচার্জ, আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিল, ঢাকা।
০৪। সহঃ প্রধান হিসাব রক্ষক, চেয়ারম্যান মহোদয়ের শাখা, বিটিএমসি।
০৫। সহঃ প্রধান হিসাব রক্ষক, পরিচালক (বাণিজ্য), মহোদয়ের শাখা, বিটিএমসি।
০৬। প্রকৌশলী (পুর:) ও মিল ইনচার্জ, আফসার কটন মিল, সাভার, ঢাকা।
০৭। হিসাব বিভাগীয় প্রধান (অতি: দা:), টাংগাইল কটন মিল, টাংগাইল।
০৮। অফিস কপি।

# বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন

বিটিএমসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব হাওলাদার মোঃ রকিবুল বারী<br>পরিচালক (বানিজ্য) ও আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি |
| সভার তারিখ | : | ৩০-০৫-২০২৪ খ্রিঃ। |
| সময় | : | ১১ : ০০ ঘটিকা। |
| সভার স্থান | : | বিটিএমসি'র সম্মেলন কক্ষ। |
| সভায় উপস্থিতি | : | হাজিরা প্রতিবেদন সংযুক্ত (পরিশিষ্ট 'ক') । |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ কামরুল হাসান, উপ-মহাব্যবস্থাপক (কারি:) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার আলোচ্য সূচী উপস্থাপন করেন। তিনি ২০২৩-২০২৪ অর্থ বছরের এপিএ বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সংক্রান্ত সভায় যুক্ত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানান।

০২। সভাপতি বলেন যে, ২০১৪-১৫ অর্থ বছর থেকে প্রবর্তিত মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যকীয় উদ্দেশ্য অংশে সেবা প্রদান প্রতিশ্রুতিকে অন্তর্ভূক্ত করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কর্তৃক নির্ধারিত ফরমেটে সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুতপূর্বক স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করা হয়। প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি ফরমেটের বিভিন্ন কলাম পূরণে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থায় অস্পষ্টতা পরিলক্ষিত হওয়ায় অংশীজনদের সঙ্গে আলোচনা, বিদ্যমান সেবা প্রদান পদ্ধতি পর্যালোচনা এবং সংশ্লিষ্ট আইন ও বিধি যাচাই বাছাইপূর্বক একটি নির্দেশিকা প্রণয়ন করা হয়।

সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ কামরুল হাসান জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) ইতোমধ্যে সংশোধনপূর্বক বিটিএমসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) এর সেবাসমূহ হালনাগাদ করে সে অনুযায়ী সেবা প্রদান করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

০৩। স্টেকহোল্ডারগণদের উদ্দেশ্য করে সভাপতি বলেন যে, অফিস প্রাঙ্গনে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) নিয়মিত আপডেট করে প্রদর্শন করে রাখতে হবে যার মাধ্যমে সেবাগ্রহীতা সহজে সেবা সম্পর্কে অবহিত হতে পারেন এবং সে অনুযায়ী সেবা গ্রহণ করতে পারেন।

০৪। <u>বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ</u>

ক) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) নিয়মিত আপডেট করে যথাস্থানে প্রদর্শন করতে হবে।

খ) নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান করতে হবে।

পরবর্তী পাতা/২

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সমাপ্তি ঘোষণা করেন।

Rbari
30.05.2024

(হাওলাদার মোঃ রকিবুল বারী)
পরিচালক (বাণিজ্য)
ও
আহ্বায়ক, কমিটি

সূত্র নং-২৪.০৩.০০০০.১০৫.০২.১১৪.২৩- ২২৯ (৬)

তারিখ: ৩০/০৫/২০২৪ খ্রিঃ

অনুলিপিঃ

০১। বিটিএমসি'র সকল বিভাগ/শাখা প্রধান।
০২। সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণ।

কমিটির আহ্বায়ক ও পরিচালক (বাণিজ্য), বিটিএমসি'র সভাপতিত্বে ৩০/০৫/২০২৪ খ্রিঃ বেলা ১১:০০ ঘটিকায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত অবহিতকরণ সভায় উপস্থিতি:

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | কাজী মিজানুর রহমান<br>মহাব্যবস্থাপক (সেল) | ৩০/৫/২৪ |
| ২। | মো: কামরুল হাসান<br>ডিরেক্টর, পাহলোয়ান গ্রুপ. | ৩০.৫.২৪ |
| ৩। | নিরঞ্জন কুমার প্রসাদ<br>উপ-প্রধান ও প্রধান নির্বাহী<br>মনু ও ফাইন কটন মিলস লিঃ টঙ্গী, গাজীপুর | ৩০/৫/২৪ |
| ৪। | মোঃ মোকাররম আলী<br>ইন-চার্জ [illegible] কটন মিল, ঢাকা. | ৩০/০৫/২৪ |
| ৫। | মো: সালাহউদ্দিন<br>হিসাব বিভাগীয় প্রধান টাংগাইল কটন মিলস | ৩০/০৫/২৪ |
| ৬। | মোহাম্মদ বেলাল হোসাইন<br>সহকারী মানবসম্পদ কর্মকর্তা | ৩০/০৫/২৪ |
| ৭। | মোহাম্মদ হাবিবুর রহমান<br>মানবসম্পদ কর্মকর্তা | ৩০/৫/২৪ |
| ৮। | মো: মাহমুদ হাসান<br>সহ: তত্ত্বাবধায়ক (ক্রয়) | ৩০/০৫/২০২৪ |
| ৯। | মোসাম্মৎ শামসুন্নাহার বেগম<br>সহ: ব্যবস্থাপক (প্রশাসন) | শামস, নাহার, ৩০/০৫/২৪ |
| ১০। | | |